



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/১৫/১(৫২৯)

তারিখ: ২৫.০১.২০২৪ খ্রি.

বিষয়: ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাইকরণ।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় HSP-MIS সফটওয়্যারে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১১শ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য এন্ট্রির কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। এন্ট্রির কার্যক্রম শেষ হওয়ার পর শিক্ষার্থীদের তথ্যাদি চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণ করা হয়েছে। অচিরেই এন্ট্রিকৃত শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করে এন্ট্রিকৃত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, তথ্যাদি যাচাইঅন্তে কোন ভুল/ত্রুটি পাওয়া গেলে নিম্নস্বাক্ষরকারীর অফিসকে অতি জরুরীভিত্তিতে জানানোর জন্য অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। প্রোগ্রাম এক্সজিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১১। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।